

## মার্কিন যুক্তরাষ্ট্রে পড়তে যাওয়া পড়ুয়াদের জন্য পরামর্শ

সাম্প্রতিককালে বৈধ ছাত্র ভিসা থাকা সত্ত্বেও আমেরিকার সান জোসের সিলিকন ভ্যালি বিশ্ববিদ্যালয় এবং ফ্রিমন্টের নর্থ ওয়েস্টার্ন পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ে পড়তে যাওয়া ভারতীয় পড়ুয়াদের মার্কিন অভিবাসন কর্তৃপক্ষের তরফে আমেরিকায় প্রবেশে বাধা দেওয়ার মতো বেশ কিছু ঘটনা ঘটেছে।

ভারত সরকারের তরফে বিষয়টি মার্কিন সরকারের কাছে জানানো হয়েছে। আমরা মার্কিন কর্তৃপক্ষের কাছে বলেছি, বৈধ ছাত্র ভিসা থাকা সত্ত্বেও কেন ব্যাপকহারে ভারতীয় পড়ুয়াদের আমেরিকায় প্রবেশে বাধা দেওয়া হচ্ছে তার কারণ বর্ণনা করতে। আমেরিকার তরফে এর প্রতিক্রিয়া পাওয়ার জন্য আমরা অপেক্ষা করছি।

যতক্ষণ না পর্যন্ত এই সমস্যার কোনও সন্তোষজনক সমাধান মিলছে, এই দুই মার্কিন প্রতিষ্ঠানে ভর্তি হতে ভারতীয় পড়ুয়াদের যুক্তরাষ্ট্র সফর প্রত্যাহার করতে পরামর্শ দেওয়া হচ্ছে।

সমস্ত ভারতীয় পড়ুয়াদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, আমেরিকার কোনও শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে যাওয়ার আগে দেখে নাও, সেগুলি যথাযথ অনুমোদনপ্রাপ্ত এবং নির্ভরযোগ্য কি না। ভ্রমণ বা সফর সংক্রান্ত নথিপত্র ছাড়াও মার্কিন অভিবাসন আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎকারের জন্য (আমেরিকায় প্রবেশ করতে) নিজেদের সঙ্গে শিক্ষা পরিকল্পনা, থাকার স্থান, আর্থিক সাহায্য, স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও আয়োজন প্রভৃতি বিষয়ে প্রয়োজনীয় সব নথিপত্র অবশ্যই রাখা উচিত পড়ুয়াদের।

নয়াদিল্লি

ডিসেম্বর ২৩, ২০১৫